দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

50

তাং 20 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 1

এক কোটি ডলার তহবিল লাগবে ঃ জাফর

# পরিবেশ ইন্সটিটিউটের গঠনতন্ত্র গ্রহণ

।।স্টাফ রিপোর্টার।।

আন্তর্জাতিক পরিবেশ অনুধ্যান ও দুর্যোগ ব্যবস্থাপনা ইন্সটিটিউটের উপদেষ্টা পরিষদের দ্বিতীয় দিনের বৈঠকে গতকাল ইন্সটিটিউটের গঠনতন্ত্র গৃহীত হয়েছে।

উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ বৈঠক-উত্তর প্রেস ব্রিফিংয়ে বৈঠকে প্রদত্ত নোবেল পুরস্কার বিজয়ী বিজ্ঞানী প্রফেসার আব্দুস সালামের বক্তৃতার উদ্ধৃতি দিয়ে বলেন, এই ইন্সটিটিউট পরিচালনার জন্য এক কোটি ডলার তহবিল লাগবে।

রাষ্ট্রপতির সচিবালয় সংলগ্ন আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের প্রেস ব্রিফিং হলে কাজী জাফর আহমদ জানান, ইন্সটিটিউটের উপদেষ্টা পরিষদের বৈঠকের সময়সীমা আজ শনিবার পর্যন্ত বাড়ানো হয়েছে। আজকের সভায় ইন্সটিটিউটের ভবিষ্যৎ কর্মসূচী ও পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হবে। আগামীকাল রোববার তিনদিনের সভায় বিস্তারিত তথ্য প্রেস ব্রিফিং-এর মাধ্যমে জানানোহবে।

উপ-প্রধানমন্ত্রী জানান, গঠনতন্ত্রে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## পরিবেশ ইনস্টিটিউটের

প্রথম পৃষ্ঠার পর

এই ইন্সটিটিউটের সাথে আবহাওয়া সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক সংগঠনগুলোর সাথে যোগাযোগ রাখার নিয়ম রাখা হয়েছে। ইতিমধ্যে যেসব প্রতিষ্ঠান গবেষণা কাজ শুরু করেছে সেগুলোর কাজ এই ইন্সটিটিউটের মাধ্যমেইহবে।

তিনি জানান, জাপানের বিজ্ঞানী প্রফেসর তোসিও এই ইন্সটিটিউটের উপদেষ্টা পরিষদের সদস্য। তাদের রিসার্স ভেসেল আগামী নভেম্বর-ডিসেম্বর মাসে বাংলাদেশ সফর করবে। আরিচা পর্যন্ত এই ভেসেল আনার চেষ্টা করা হবে। না আনা গেলে ছোট ভেসেল এনে কাজ করা হবে। কানাডার বিজ্ঞানী কয়টে ক্রনাক ইন্সটিটিউটের উপদেষ্টা পরিষদের সদস্য। দুর্যোগ মোকাবেলার গবেষণার ব্যাপারে সেখানকার রিসার্স ইন্সটিটিউটের সাথে যোগাযোগের চেষ্টাচলছে।

কাজী জাফর আহমদ জানান, আন্তর্জাতিক পরিবেশ অনুধ্যান ও দুর্যোগ ব্যবস্থাপনা ইন্সটিটিউট হবে এই সংক্রান্ত পৃথিবীর সেরা ইন্সটিটিউটগুলোর একটি। প্রফেসর আব্দুস সালাম এ ইন্সটিটিউটের ব্যাপ্তি ও কার্যকরীকরণের লক্ষ্যে খুবই উৎসাহী। ইন্সটিটিউটের যাত্রা খুবই শুভ হয়েছে। রাষ্ট্রপতি ইন্সটিটিউটের জন্য এক কোটি টাকা দান করেছেন। প্রফেসর আব্দুস সালাম তহবিল সংগ্রহের জন্য ১০টি দেশ সফর করবেন। ইতিমধ্যে তিনি সাহায্যদাতাদের সাথে আলোচনা করেছেন। বর্তমানে যা তহবিল আছে তা দিয়ে কিভাবে কাজ শুরু করা যায় তা আলোচনা করাহবে।

উপ-প্রধানমন্ত্রী জানান, ইন্সটিটিউটের উপদেষ্টা পরিষদের গতকালের সভায় সাংগঠনিক কাঠামো ও অন্যান্য বিষয় সম্পর্কে বক্তাদের বিস্তারিত বক্তৃতা শেষেই গতকাল গঠনতন্ত্র গৃহীত হয়। গঠনতন্ত্রে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যদি এককভাবেও এ সম্পর্কে কাজ করে তা হলে তাদের সাথেও যোগাযোগ রাখার কথা বলা হয়েছে।

কাজী জাফর আহমদ জানান, রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ এই ইন্সটিটিউটের প্রধান উপদেষ্টা হিসেবে কাজ করবেন এবং দু'জন পৃষ্ঠপোষকের মধ্যে রয়েছেন তিনি নিজে ও বিশিষ্ট পানি বিশেষজ্ঞ বিএম আব্বাস এটি। গঠনতন্ত্রে উপদেষ্টা পরিষদে ৩৫ জন সদস্য রাখার কথা বলা হয়েছে। এর মধ্যে কমপক্ষে ১৮ জন দেশের বাইরের এবং বাংলাদেশের কমপক্ষে ১০ জন সদস্য রাখার কথা রয়েছে। প্রতি ৪ বছর পর উপদেষ্টা পরিষদের সদস্যদের নিয়ে কংগ্রেস অনুষ্ঠিত হবে।

তিনি জানান, প্রতিষ্ঠাতা সদস্যের সংখ্যা হচ্ছে ২৪৯ জন। এর মধ্যে ২০০ জন বাংলাদেশের এবং বাকী ৪৯ জন দেশেরবাইরের।

আন্তর্জাতিক পরিবেশে অনুধ্যান ও দুর্যোগ ব্যবস্থাপনা ইন্সটিটিউটের উপদেষ্টা পরিষদের উপদেষ্টা উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত গতকালের সভায় বক্তৃতা করেন অধ্যাপক আব্দুস সালাম, অধ্যাপক এস সফিউল্লাহ, অধ্যাপক এম বি হুরসথোস, অধ্যাপক এ রেনজনি, ডঃ কেট ক্রাঙ্ক, অধ্যাপক এস সি এম সি কাফরি, অধ্যাপক সান সাঙ্কাই, অধ্যাপক এস জেড হায়দার, অধ্যাপক মফিজ উদ্দিন আহমেদ, অধ্যাপক নূরুল ইসলাম, অধ্যাপক এ কে আমিনুল হক, অধ্যাপক এ কে এম খায়রুল বাশার ও ডঃ আজিজুর রহমান।